

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার  
প্রাথমিক ও গণশিক্ষা মন্ত্রণালয়  
উপানুষ্ঠানিক শিক্ষা ব্যুরো  
২৩২/১, তেজগাঁও শিল্প এলাকা, ঢাকা-১২০৮।  
[www.bnfe.gov.bd](http://www.bnfe.gov.bd)

স্মারক সংখ্যা ৩৮.০০.০০০০.৩০৪.২৩.৪৮০.২০২৫-২৩৮

তারিখ: ২৪ জ্যৈষ্ঠ ১৪৩৩ বঙ্গাব্দ:  
০৭ জুন ২০২৬ খ্রি.

## বিজ্ঞপ্তি

বিদ্যালয় বহির্ভূত, ঝরেপড়া ও শিক্ষার সুযোগবঞ্চিত জনগোষ্ঠীকে বয়সভিত্তিক উপানুষ্ঠানিক প্রাথমিক শিক্ষা, বয়স্ক শিক্ষা, কার্যকর সাক্ষরতা, প্রাক-বৃত্তিমূলক প্রশিক্ষণ প্রদানের মাধ্যমে দক্ষ মানবসম্পদে পরিণত করা এবং সবার জন্য জীবনব্যাপী শিক্ষার সুযোগ সৃষ্টির মাধ্যমে জ্ঞান-ভিত্তিক সমাজ গঠনে সহায়তা করার অভিলক্ষ্য নিয়ে কার্যক্রম পরিচালনা করে আসছে উপানুষ্ঠানিক শিক্ষা ব্যুরো। ব্যুরোর নিজস্ব কার্যক্রমের পাশাপাশি উপানুষ্ঠানিক শিক্ষা বিস্তারে ব্যক্তি ও সংস্থা কর্তৃক গৃহীত বিভিন্ন উদ্ভাবনী উদ্যোগ-কে বরাবরই উৎসাহ দিয়ে আসছে। সেই সকল নিবেদিতপ্রাণ ব্যক্তি ও সংস্থার উদ্যোগের স্বীকৃতিস্বরূপ উপানুষ্ঠানিক শিক্ষা ব্যুরো গত বছরের ন্যায় এ বছর আন্তর্জাতিক সাক্ষরতা দিবসে (০৮ সেপ্টেম্বর ২০২৬) স্বীকৃতি প্রদানের সিদ্ধান্ত গ্রহণ করেছে।

২। আনুষ্ঠানিক শিক্ষার সুযোগ বঞ্চিত হওয়া সত্ত্বেও নিজের কর্মদক্ষতা, সৃজনশীলতা, উদ্ভাবনী চিন্তা, স্ব-উদ্যোগের মাধ্যমে সমাজ ও জাতীয় জীবনে উপানুষ্ঠানিক শিক্ষার বিকাশে তাৎপর্যপূর্ণ অবদান রেখেছেন এমন ব্যক্তি এবং উপানুষ্ঠানিক শিক্ষা বিস্তারের ক্ষেত্রে অবদান রেখেছেন এমন সংস্থা-কে “উপানুষ্ঠানিক শিক্ষা সম্মাননা” প্রদান করা হবে।

৩। এমতাবস্থায়, বর্ণিত ক্ষেত্রে অবদান রাখা ব্যক্তি ও সংস্থা-কে নির্ধারিত ছকে প্রয়োজনীয় তথ্য পূরণ করে জেলা উপানুষ্ঠানিক শিক্ষা ব্যুরো কার্যালয় অথবা উপানুষ্ঠানিক শিক্ষা ব্যুরো প্রধান কার্যালয়ে (Email: [adimp@bnfe.gov.bd](mailto:adimp@bnfe.gov.bd)) প্রেরণ করার জন্য অনুরোধ করা হ’ল। তথ্য প্রদানের শেষ তারিখ ৩০/০৬/২০২৬ বিকাল ৫.০০ টা।

সংযুক্ত: নির্ধারিত ছক ০১(এক) ফর্দ।



০৭/০৬/২০২৬

(মো. মেহেদী আল ইসলাম)  
সহকারী পরিচালক (বাস্তবায়ন)  
উপানুষ্ঠানিক শিক্ষা ব্যুরো।

## উপানুষ্ঠানিক শিক্ষা সম্মাননা ২০২৬ সংক্রান্ত তথ্য প্রমাণক ছক:

ব্যক্তি পর্যায়/প্রতিষ্ঠানিক পর্যায়

(টিক চিহ্ন দিন)

- ক) অবদানের ক্ষেত্র (কার্যক্রমের বিবরণ):
- খ) কার্যক্রম শুরুর সাল তারিখ:
- গ) উপানুষ্ঠানিক শিক্ষায় কার্যক্রমটির অবদান:
- ঘ) অন্যান্য তথ্য (স্বীকৃতি পুরস্কার, ইত্যাদি, যদি থাকে):

তথ্য প্রদানকারী ব্যক্তি/প্রতিষ্ঠানের নাম ঠিকানা ও মোবাইল নম্বর:

স্বাক্ষর ও তারিখ:

